

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

পাংশা, রাজবাড়ী।

স্মারক নং ১৩.০২.৮২৭৩.০০৪.৫৭.০০২.২৪-১৩

তারিখ- ০৫/০১/২০২৫ খ্রি.

প্রাপক,

০১. চেয়ারম্যান (সকল)

০২. প্রশাসনিক কর্মকর্তা (সকল)

০৩. ইউ,ডি,সি (সকল)

বাবুপাড়া/ কসবা মাজাইল/ মাছপাড়া/ যশাই/ পাট্টা/ মৌরাট/শরিষা/ বাহাদুরপুর/ কলিমহর/ হাবাসপুর  
ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।

**বিষয় : 'খাদ্যবান্ধব কর্মসূচির' আওতায় পাংশা উপজেলাধীন সকল ইউনিয়নের তালিকা হালনাগাদ প্রসঙ্গে।**

সূত্র : ০১। খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ২০৭ নং পরিপত্র।

০২। পাংশা উপজেলা খাদ্যবান্ধব কমিটির ০৫/০১/২০২৫ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকাদেশ মোতাবেক আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় বিদ্যমান তালিকার মধ্যে কোন উপকারভোগীর মৃত্যু হলে, অন্যত্র স্থানান্তরিত হলে, দারিদ্র থেকে উত্তোরণ ঘটলে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডলিউবি কর্মসূচির উপকারভোগীদের সাথে দ্বৈততা থাকলে এবং পরিবর্তনের অন্য কোন সুনির্দিষ্ট কারন থাকলে যাচাই-বাছাই করে সে সকল উপকারভোগীর স্থলে নতুন উপকারভোগী অন্তর্ভুক্ত করে তালিকা হালনাগাদ করা আবশ্যিক।

এক্ষেণে, আপনার ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির বিদ্যমান/বর্তমান তালিকাটি নীতিমালা অনুযায়ী, সর্বজন গৃহীতি, স্বচ্ছ, নির্ভুল ও জবাবদিহিতামূলক একটি হালনাগাদ তালিকা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**তালিকা প্রণয়ন করার ক্ষেত্রে আবশ্যিকভাবে নিম্নে উল্লেখিত নির্দেশনাবলী অনুসরণ করতে বলা হলো।**

- ১। ইউনিয়নে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্যে থেকে দারিদ্রের প্রকোপ, দুস্থতা ইত্যাদি বিবেচনায় উপকারভোগী পরিবার নির্বাচন করতে হবে;
- ২। নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে, পরিবার প্রধানের তথা স্বামী/স্ত্রী উভয়ের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। উল্লেখ্য একই পরিবারের একাধিক ব্যক্তিকে (একান্নভুক্ত/একই হাড়িতে খায় এমন) এবং ভিজিডি কর্মসূচির কার্ডধারীদেরকে খাদ্যবান্ধব কর্মসূচির তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না;
- ৩। গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম ব্যক্তি/পরিবারকে নির্বাচন করতে হবে;
- ৪। বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার/নারী শ্রমিক/যে সকল দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে সেইসব ব্যক্তি/পরিবারকে অগ্রাধিকার দিতে হবে;
- ৫। তালিকাটি অবশ্যই খাদ্য অধিদপ্তরের নির্ধারিত ছকে (১৭ কলামে) **Nikosh ফন্টে Excel sheet-এ (কার্ড নম্বর, ওয়ার্ড নম্বর ও মোবাইল নম্বর Number Format-এ, তারিখ (দিন/মাস/বছর) Date Format-এ এবং জাতীয় পরিচয় পত্র Text Format-এ)** যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং কোন তথ্য/কলাম অসম্পূর্ণ রাখা যাবে না। এছাড়া সকল তথ্য নির্ভুল হতে হবে;
- ৬। **তালিকাটির সফট কপি অবশ্যই pangshaucf@gmail.com এবং unopangsha@mopa.gov.bd মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে;**
- ৭। তালিকা হালনাগাদ করে হালনাগাদকৃত তালিকায় স্ব-স্ব ইউনিয়নে নিযুক্ত ট্যাগ অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহন করতে হবে;

- ৮। তালিকার হার্ডকপি ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি ও ইউনিয়ন ট্যাগ অফিসার কর্তৃক সীলসহ স্বাক্ষর করে তা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পাংশা, রাজবাড়ী দপ্তরে দাখিল করতে হবে;
- ৯। তালিকাটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রকাশ করতে হবে;
- ১০। তালিকাটি অবশ্যই ওয়ার্ডভিত্তিক এবং ডিলার ভিত্তিক হতে হবে। কোন অবস্থাতেই এলোমেলোভাবে তালিকা প্রনয়ণ করা যাবে না।

বিষয়টি অতীব জরুরি হিসেবে গণ্য করার জন্য এবং আগামি ৩০/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে খাদ্যবান্ধব কর্মসূচির বিদ্যমান/বর্তমান তালিকার বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটিকে দায়ভার বহন করতে হবে।

সংযুক্তঃ ১। নির্ধারিত নমুনা ছক-০১ (এক) পাতা।

স্মারক নং-১৩.০২.৮২৭৩.০০৪.৫৭.০০২.২৪-১৩/৩(৭)

২১/০১/২০২৫

(এস.এম. আবু দারদা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ওএমএস কমিটি

পাংশা, রাজবাড়ী।

তারিখ: ০৫/০১/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী।
- ৫। খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
- ৬। জনাব..... ট্যাগ অফিসার..... নং.....  
ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৭। অফিস কপি।

০৫/০১/২৫

(এ.কে.এম. শাহনেওয়াজ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা ওএমএস কমিটি

পাংশা, রাজবাড়ী।

০১৭১৫০৪২৬৫৫